'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।

ওয়েব : sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১১ নভেম্বর ২০২১ খ্রি.।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর পিআইসির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের কাজ প্রায় শেষ পর্যায়ে এবং টেন্ডারের সকল প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে দ্রুত টেন্ডার আহবান করে ঠিকাদার নির্বাচন পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর পিআইসির মাধ্যমে দ্রুত প্রকল্প বাস্তবায়ন করা এবং টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সুনামগঞ্জ সদরের প্রতিনিধি সভায় জানান করোনা ভাইরাস সংক্রমনের হার বর্তমানে অনেকটা হ্রাস পেয়েছে। সুনামগঞ্জ সদর হাসপাতালে প্রতিদিন করোনার টিকা প্রদান করা হচ্ছে। তাছাড়াও উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার কার্যালয়ের সম্মুখে ১টি কক্ষে টিকা প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান প্রতিদিন পুরুষ ২৩০ জন ও মহিলা ১৮০ জনকে করোনার টিকা প্রদান করা হচ্ছে। বর্তমানে ফাইজার এর ১ম ডোজ টিকা কার্যক্রম চলমান এবং যারা সিনোফার্ম এর ১ম ডোজ গ্রহণ করেছিলেন তাদেরকে ২য় ডোজ প্রদান করা হচ্ছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় সুনামগঞ্জ সদর উপজেলার প্রতিটি ইউনিয়নে গণটিকার কার্যক্রম সুশৃঙ্খলভাবে পরিচালিত হওয়ায় ইউ/পি সচিবগণকে ধন্যবাদ জানান। | আলোচনান্তে করোনার টিকা গ্রহণে সকলকে উৎসাহিত করা এবং গণটিকার কার্যক্রম সুশৃঙ্খলভাবে পরিচালিত হওয়ায় ইউ/পি সচিবগণকে ধন্যবাদ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের গভীর নলকূপ স্থাপনের দরপত্র আহবান করা হয়েছে এবং দ্রুত ঠিকাদার নির্বাচন করে কাজ শুরু করা হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় একই ঠিকাদার বারবার নিয়োগ না দিয়ে নতুন ঠিকাদার নিয়োগ করলে কাজের গুণগতমান সঠিক হবে মর্মে অভিমত ব্যক্ত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান নলকূপ স্থাপনের জন্য একটি ডাটা বেইজ থাকলে দ্রুত উপকারভোগী নির্বাচন করা যাবে এবং একই স্থানে একাধিক নলকূপ স্থাপন হওয়ার সম্ভাবনা থাকবে না। | আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরের গভীর নলকূপ স্থাপনের জন্য দ্রুত ঠিকাদার নির্বাচন করে কাজ শুরু করা, একই ঠিকাদার বারবার নিয়োগ না দিয়ে নতুন ঠিকাদার নিয়োগ করা এবং নলকূপ স্থাপনের জন্য একটি ডাটা বেইজ তৈরী করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ডিলারদের মাধ্যমে বোরো ধানের বীজ সংগ্রহ করা হচ্ছে। তিনি আরও জানান প্রণোদনা কর্মসূচীর আওতায় উচ্চ ফলনশীল বীজ ৫ কেজি ও সার ২০ কেজি করে ২০০০ জন কৃষককে প্রদান করা হচ্ছে। তাছাড়া হাইব্রীড ধানের বীজ ২ কেজি করে ২৭০০ জন কৃষককে প্রদান করা হচ্ছে। এছাড়া গম, সরিষা, সূর্যমুখী ও ভুট্টার বীজও প্রদান করা হচ্ছে। তিনি জানান খুচরা বিক্রেতারা মূলত বেশি দামে ধানের বীজ বিক্রি করে থাকে। ডিলারগণ যাতে সরকার নির্ধারিত মূল্যে বীজ বিক্রয় করে সেদিকে নজরদারি বৃদ্ধি করা হয়েছে। হাওরের পানি এ বছর দ্রুত নেমে যাওয়ায় ৭ই নভেম্বরের পর থেকে ২৯ ধানের বীজতলা তৈরী এবং ১৫ নভেম্বরের পর থেকে ২৮ ধানের বীজতলা তৈরী করার জন্য সভাকে জানান। ফলন বৃদ্ধির জন্য ২৮ ধান এর পরিবর্তে ৮৮ জাতের ধান এবং ২৯ জাতের পরিবর্তে ৮৯ ও ৯২ জাতের ধান আবাদ করার জন্য বীজ সরবরাহ করা হচ্ছে। | আলোচনান্তে ডিলারগণ বেশি দামে বীজ বিক্রয় না করতে পারে সেদিকে নজরদারি বৃদ্ধি করা এবং ফলন বৃদ্ধি করার জন্য ২৮ ধান এর পরিবর্তে ৮৮ জাতের ধান এবং ২৯ জাতের পরিবর্তে ৮৯ ও ৯২ জাতের ধান আবাদ করার নিমিত্ত কৃষকগণকে বীজ সরবরাহ জন্য উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচন ২৮/১১/২০২১ খ্রি. তারিখ অনুষ্ঠিত হবে। তিনি ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য সার্বিক সহযোগিতা করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় ৩টি ইউনিয়নের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এর স্থান দ্রুত নির্বাচন করার জন্য সভাকে অনুরোধ জানান। তিনি আরও জানান কিছু কমিউনিটি ক্লিনিকে গর্ভবতী মহিলাদের ডেলিভারী করানো হচ্ছে কিন্তু তারা ৩ মাসের প্রশিক্ষণ প্রাপ্ত। ডেলিভারী করাতে গেলে ৬ মাসের প্রশিক্ষণ প্রয়োজন হয়।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় পিসিএসবিদের চাকুরীর মেয়াদ শেষ হওয়ায় তাদেরকে সপ্তাহে ২দিন করে কমিউনিটি ক্লিনিকে বসার সুযোগ করে দেয়ার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে ৩টি ইউনিয়নের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এর স্থান দ্রুত নির্বাচন করার এবং পিসিএসবিদের সপ্তাহে ২দিন করে কমিউনিটি ক্লিনিকে বসার সুযোগ দেয়ার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর | আলোচনান্তে টিআর/কাবিটা | উপজেলা প্রকল্প |

| | | | |
|---|---|---|---|
| | সভায় জানান টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির তালিকা অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে কিন্তু নির্বাচনের তফসিল ঘোষণা করার কারণে টিআর/কাবিটার কাজ বাস্তবায়ন বন্ধ রাখার জন্য একটি পত্র পাওয়া গেছে। অনুমোদন পাওয়া গেলে কাজ দ্রুত বাস্তবায়ন করা হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান মুজিব শতবর্ষে নতুন ১০০টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরও জানান উক্ত ঘরগুলি রঙ্গাঁরচর ইউনিয়নের আদার বাজার সংলগ্ন স্থানে নির্মাণ করা হবে। মুজিব শতবর্ষে নতুন ১০০টি ঘর নির্মাণের জন্য মাটি ভরাটের প্রয়োজন হবে। সে প্রেক্ষিতে তিনি আগামী টিআর/কাবিটার ২য় কিস্তির বরাদ্দ হতে ৫০% বরাদ্দ দিয়ে উক্ত কাজ বাস্তবায়ন করার প্রস্তাব করেন। | কাজের ১ম কিস্তির অনুমোদন পাওয়া গেলে কাজ দ্রুত শুরু করার এবং টিআর/কাবিটার ২য় কিস্তির বরাদ্দ হতে ৫০% বরাদ্দ দিয়ে উক্ত কাজ বাস্তবায়ন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৮. | উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, ১৯৬৬ সনে সার্কেল অফিসার (ডেভেলপমেন্ট) মহোদয়ের জন্য নির্মিত বাসভবনটি বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। উক্ত ভবনটি অনেক পুরাতন হওয়ায় তা বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত বাসভবনটি মেরামত অযোগ্য হওয়ায় পরিত্যাক্ত ঘোষণা করা একান্ত প্রয়োজন এবং বন্যাশ্রয় কেন্দ্র-৪ এর টিনসেড ভবনটিও অনেক পুরাতন হওয়ায় ভবনটিও পরিত্যাক্ত ঘোষনা করা প্রয়োজন। এছাড়া তিনি আরও জানান সুনামগঞ্জ সদর উপজেলা পরিষদে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর এর কোন বাস ভবন নেই। তিনি একই সাথে চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে সভায় উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবনটি পরিত্যাক্ত ঘোষণা ও বন্যাশ্রয় কেন্দ্র-৪ এর টিনসেড ভবনটি পরিত্যক্ত ঘোষণার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতক্রমে জেলা কনডেমনেশন কমিটিতে এবং উপজেলা পরিষদ ভবনের পশ্চিমদিকে ১৪৫ নং জেএলস্থিত উত্তর মল্লিকপুর মৌজার ৮ নং খতিয়ানের ৪৩৬ নং দাগের ০.৪৫ একর পরিত্যক্ত জলাশয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার<br>সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি<br>সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান দীর্ঘ ১৮ মাস বিদ্যালয় বন্ধ থাকার পর গত ১২ সেপ্টেম্বর থেকে বিদ্যালয়ে নিয়মিত ক্লাস শুরু হয়েছে। তিনি আরও জানান আগামী ১৪/১১/২০২১ খ্রি. তারিখ হতে এস.এস.সি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবছর সংক্ষিপ্ত সিলেবাসে ৩টি বিষয়ে পরীক্ষা গ্রহণ করা হবে। আগামী ০২/১২/২০২১ খ্রি. তারিখ হতে এইচ.এস.সি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সদর উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের ১২ বছর থেকে ১৭ বছর বয়সী শিক্ষার্থীদের তালিকা করে টিকা গ্রহণের ব্যবস্থা করা হবে। এছাড়া ইউনিক আইডি প্রণয়নের কাজ চলমান রয়েছে কিন্তু জন্ম নিবন্ধন সম্পন্ন করতে শিক্ষার্থীদের বাবা ও মায়ের জন্ম নিবন্ধন এর প্রয়োজন হয়। তাই শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সম্পন্ন করতে সমস্যা হচ্ছে।<br>মোল্লাপাড়া, ইউ/পি সচিব, সুনামগঞ্জ সদর সভায় জানান যারা জন্ম নিবন্ধন সম্পন্ন করতে পারে নাই তাদের | আলোচনান্তে সুনামগঞ্জ সদর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ১২ বছর থেকে ১৭ বছর বয়সী শিক্ষার্থীদের তালিকা করে টিকা গ্রহণের ব্যবস্থা করা এবং ইউনিক আইডি প্রণয়নে জন্ম নিবন্ধন সম্পন্ন করতে শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন দ্রুত করার ব্যবস্থা গ্রহণের জন্য ইউ/পি সচিবগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ সচিব(সকল), সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | বিষয়টি বিবেচনা করা গেলে শিক্ষার্থীদের কষ্ট কম হবে। | | |
| ১০. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান, নভেম্বর থেকে আমন ধান সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। যারা ধান সংগ্রহ করতে আগ্রহী তাদেরকে অনলাইনে আগামী ১৫/১১/২০২১ খ্রি. তারিখের মধ্যে আবেদন সম্পন্ন করতে হবে।<br>উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আমন ধান সংগ্রহ করার বিষয়টি কৃষকদেরকে অবগত করা হয়েছে। | আলোচনান্তে যারা আমন ধান সংগ্রহ করতে আগ্রহী তাদেরকে আগামী ১৫/১১/২০২১ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর। |
| ১১. | বিবিধ: উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, অক্টোবর/২০২১ মাসে আপ্যায়ন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকার বিল পাওয়ার আবেদন করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/১১/২১

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১৭০৮(৫০)

তারিখ : ১৮ নভেম্বর ২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে ।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ........................... কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

18.11.21

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি :

মাসের নাম : নভেম্বর/২০২১ ইং

সভার তারিখ : ২২/১১/২০২১ সময়: ১১.০০ ঘটিকা

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: খায়রুল হুদা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | |
| ০২ | " নাদের বখ্ত | মেয়র সুনামগঞ্জ পৌরসভা. | |
| ০৩ | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | নিগার সুলতানা ২২/১১/২১ |
| ০৪ | " মো: আবুল হোসেন | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | [illegible] |
| ০৫ | " আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান লক্ষনশ্রী, ইউপি. | পক্ষে [illegible] |
| ০৬ | " মো: আবুল বরকত | চেয়ারম্যান কুরবাননগর, ইউপি. | [illegible] |
| ০৭. | " মো: ফুল মিয়া | চেয়ারম্যান গৌরারং, ইউপি. | [illegible] |
| ০৮. | " মো: মকছুদ আলী | চেয়ারম্যান জাহাঙ্গীর নগর ইউপি. | পক্ষে- [illegible] |
| ০৯. | " মো: নুরুল হক | চেয়ারম্যান মোহনপুর, ইউপি. | পক্ষে [illegible] |
| ১০ | " মো: আব্দুছ ছাত্তার | চেয়ারম্যান. সুরমা, ইউপি | পক্ষে [illegible] |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব মো: নুরুল হক | চেয়ারম্যান মোল্লাপাড়া, ইউপি. | [illegible] |
| ১২ | " মো: সামছুল ইসলাম | চেয়ারম্যান কাঠইর, ইউপি. | পক্ষে- [illegible] |
| ১৩ | " মো: আব্দুল হাই | চেয়ারম্যান রঙ্গাঁরচর, ইউপি | পক্ষে [illegible] |
| ১৪ | " যমুনা রানী বর্মন | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ০১. | |
| ১৫ | " মোছা: রওশন আরা বেগম | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ০২. | |
| ১৬ | " মোছা: জাহানারা বেগম | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ০৩. | |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি :

মাসের নাম: নভেম্বর/ ২০২১ ইং

সভার তারিখ: ২১।১১।২০২১ সময়: ১১.০০ ঘটিকা

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব ইমরান শাহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর। | |
| ০২. | " ডা: সৌমিত্র চক্রবর্তী | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ০৩. | " মো: আসাদ উদ্দিন টিপু | উপজেলা কৃষি অফিসার সুনামগঞ্জ সদর। | |
| ০৪. | " ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল ভূঁইয়া | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ০৫. | প্রশান্ত দে | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ০৬. | " আনোয়ার হোসেন | উপজেলা প্রকৌশলী সুনামগঞ্জ সদর। | |
| ০৭. | " মুহাম্মদ মহিদুর রহমান | অফিসার ইন-চার্জ সুনামগঞ্জ সদর। | |
| ০৮. | " অশোক রঞ্জন পুরকায়স্থ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ০৯. | " এনামুর রহিম বাবর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১০ | " মো: সাইফুল আলম সিদ্দিকী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সুনামগঞ্জ সদর। | |
| ১১. | " বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী | উপজেলা প. প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১২ | " মোহাম্মদ শাহিনুর আলম | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৩ | " প্রদীপ বিশ্বাস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৪. | " বিজিত রঞ্জন কর | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৫ | " মানিক মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | জনাব মিন্টু সরকার | পরিসংখ্যান কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৭ | [illegible] | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৮ | " চয়ন ব্রত চক্রবর্তী | উপজেলা যুব কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৯ | " উত্তম কুমার রায় | উপজেলা নির্বাচন অফিসার সুনামগঞ্জ সদর। | |
| ২০ | " [illegible] | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ২১ | " অসীম বরন তালুকদার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] [signature] |
| ২২ | " আব্দুল্লাহ আল মামুন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সুনামগঞ্জ সদর। | |
| ২৩ | " সেলিম আহমদ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংকে সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২৪ | " সৈয়দ আহমদ শাহলান | ইন্সট্রাক্টর, ইউআরসি সুনামগঞ্জ সদর। | |
| ২৫ | " শেখ আব্দুর রব | ইউডিএফ, ইউজিডিপি সুনামগঞ্জ সদর। | [signature] |